

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্‍রবার, নভেম্বর ১৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন্ধ ও পাট মন্ত্রণালয়

বন্ধ-৩ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ কার্তিক ১৪৩০/৯ নভেম্বর ২০২৩

নং ২৪.০০.০০০০.২০৩.১৪.০০৪.২৩.১০৪—বিটিএমসি'র বন্ধ মিলসমূহ ইজারা (Lease) পদ্ধতিতে বেসরকারি ব্যবস্থাপনায় পুনঃচালুর লক্ষ্যে ইজারার শর্তাবলি, পদ্ধতি ও ইজারা প্রস্তাব চূড়ান্তকরণের জন্য একটি আন্তঃমন্ত্রণালয় ওয়ার্কিং কমিটি গঠন করা হলো :

ক্রম	কর্মকর্তার পদবি ও কর্মস্থল	বিবরণ
১	অতিরিক্ত সচিব (বন্ধ), বন্ধ ও পাট মন্ত্রণালয়	আহায়ক
২	চেয়ারম্যান, বিজেএমসি	সদস্য
৩	প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি	সদস্য
৪	অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৫	শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৬	বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৭	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৮	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের প্রতিনিধি	সদস্য
৯	যুগ্মসচিব (বন্ধ), বন্ধ ও পাট মন্ত্রণালয়	সদস্য
১০	চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ক কর্পোরেশন (বিটিএমসি)	সদস্য-সচিব

(১৬৭৬৩)

মূল্য : টাকা ৮.০০

২। কমিটির কার্যপরিধি :

- (ক) বিটিএমসি'র বন্ধ মিলসমূহ পুনঃচালুর লক্ষ্যে ইজারা প্রস্তাবসমূহ চূড়ান্তকরণের জন্য সুপারিশ প্রদান;
- (খ) প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত প্রস্তাব নিষ্পত্তির বিষয়ে পরামর্শ প্রদান;
- (গ) মিলসমূহ বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালনার ক্ষেত্রে সরকারি স্বার্থ রক্ষায় গ্রহণীয় ব্যবস্থা সম্পর্কে সুপারিশ প্রদান;
- (ঘ) প্রযোজ্য ক্ষেত্রে এতদ্বিষয়ক কার্যক্রম ত্রান্তিত করার লক্ষ্যে পরামর্শ প্রদান।

৩.০ কমিটি প্রয়োজন অনুযায়ী সভা অনুষ্ঠান করবে;

৪.০ কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষ জ্ঞান এবং/অথবা অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে;

৫.০ কমিটির সভায় অংশগ্রহণের জন্য সদস্যগণকে সম্মানী প্রদান করা যাবে;

৬.০ বিটিএমসি কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আলমগীর হোসেন
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd